

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ২৮, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(সিটি কর্পোরেশন-২ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ০৬ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ/২১ সেপ্টেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং ২৯২-আইন/২০১৫।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২০, ষষ্ঠ তফসিল এর ক্রমিক নং (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার সিটি কর্পোরেশন (কাউন্সিলর ও সংরক্ষিত আসনের কাউন্সিলরগণের দায়িত্ব, কার্যাবলী ও সুযোগ-সুবিধা) বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৫(১) এর—

(ক) দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(ক) কাউন্সিলরগণ প্রতি মাসে ১৭,৫০০/- (সতের হাজার পাঁচশত) টাকা হারে সম্মানী ভাতা প্রাপ্য হইবেন।”;

(খ) দফা (গ) ও (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) ও (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(গ) কাউন্সিলরগণ প্রতি মাসে ৮,০০০/- (আট হাজার) টাকা হারে কার্যালয় ভাড়া ভাতা প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, কর্পোরেশনের কোন কমিউনিটি সেন্টার, কার্যালয় বা দপ্তরে কোন কাউন্সিলরের কার্যালয় স্থাপিত হইলে সেই ক্ষেত্রে উক্ত কাউন্সিলর কার্যালয় ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না এবং কোন কাউন্সিলর নিজ বাসভবনে কার্যালয় স্থাপন করিতে পারিবেন না।”;

(৭৮৮১)

মূল্য : টাকা ৪.০০

“(ঘ) কাউন্সিলরগণ প্রতি মাসে ৪,০০০/- (চার হাজার) টাকা হারে অফিস ব্যবস্থাপনা ভাতা প্রাপ্য হইবেন।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

সরোজ কুমার নাথ
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd